গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং

স্মারক: ২০.০৫.০০০০.৪৭৮.১৪.২৬১.১৬-১১১

তারিখ: ১০ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ / ২৫ সেপ্টেম্বর ২০১৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: ১৯/০৯/২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন রুরাল পাওয়ার কোম্পানী লিঃ (আরপিসিএল) কর্তৃক প্রস্তাবিত "পটুয়াখালী ১৩২০ মেঃ ওঃ কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন এবং পুনর্বাসন"-শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার কার্যবিবরণী।**

পরিকল্পনা কমিশনের ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) জুয়েনা আজিজ এর সভাপতিত্বে গত ১৯/০৯/২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন রুরাল পাওয়ার কোম্পানী লিঃ (আরপিসিএল) কর্তৃক প্রস্তাবিত "পটুয়াখালী ১৩২০ মেঃ ওঃ কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন এবং পুনর্বাসন"-শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিইসি) সভা অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

২৫.০৯.১৬
নিশাত জাহান
সহকারী প্রধান
ফোন: ৯১৮০৬৪৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**[দৃঃ আঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।**
৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, রুরাল পাওয়ার কোম্পানী লিঃ (আরপিসিএল), বাড়ী নং-১৯, রোড-১/বি, সেক্টর-৯, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।

**অবগতির জন্য অনুলিপি:**

১। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
২। ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। যুগ্ম-প্রধান (শিল্প ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫। যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬। উপ-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭। অফিস কপি।



E:\1. REB\Sylhet Division\PEC\PEC Minutes Forwarding

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ

বিষয়ঃ ১৯/০৯/২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন রুরাল পাওয়ার কোম্পানী লিঃ (আরপিসিএল) কর্তৃক প্রস্তাবিত "পটুয়াখালী ১৩২০ মেঃ ওঃ কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন এবং পুনর্বাসন"-শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) জুয়েনা আজিজ এর সভাপতিত্বে গত ১৯/০৯/২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন রুরাল পাওয়ার কোম্পানী লিঃ (আরপিসিএল) কর্তৃক প্রস্তাবিত "পটুয়াখালী ১৩২০ মেঃ ওঃ কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন এবং পুনর্বাসন"-শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। সভায় অর্থ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং পরিবেশ মন্ত্রণালয়ের কোন প্রতিনিধি উপস্থিত ছিলেন না। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-'ক' তে সন্নিবেশিত।

২। উপস্থাপনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং প্রকল্পটি উপস্থাপনের জন্য পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের প্রধানকে আহবান জানান। পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের প্রধান প্রকল্পের পটভূমিকায় উল্লেখ করেন যে, সরকারের মধ্য ও দীর্ঘমেয়াদী বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির কর্মসূচির অংশ হিসেবে আরপিসিএল পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলায় একটি ১৩২০ (২ X ৬৬০) মেঃওঃ ক্ষমতার কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা করেছে। বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের পূর্ব-কাজ হিসাবে ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন, ভূমি রক্ষার জন্য চতুর্দিকে বাঁধ নির্মাণ ও সুরক্ষার লক্ষ্যে মোট ৮৬৯.৭১ কোটি (জিওবি খাত হতে ৮২৩.৩৭ কোটি টাকা ঋণ হিসেবে ও সংস্থার নিজস্ব ৪৬.৩৪ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয় সম্বলিত এবং জুলাই, ২০১৬ থেকে জুন, ২০১৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নার্থে "পটুয়াখালী ১৩২০ মেঃ ওঃ কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন এবং পুনর্বাসন"-শীর্ষক প্রকল্পের প্রস্তাব করা হয়েছে। প্রকল্পের জন্য পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলাধীন ধানখালী ইউনিয়নের নিশানবাড়ীয়া, ধানখালী ও লোন্দা মৌজায় ৯১৫.৭৪ একর ভূমি চিহ্নিত করা হয়েছে। নির্বাচিত স্থানটি ধানখালী ইউনিয়নের রাবনাবাদ চ্যানেলের তীরে অবস্থিত।

৩। আলোচনাঃ

৩.১ সভায় প্রকল্পের আওতায় মাত্র ১৩২০ মেঃ ওঃ বিদ্যুৎ উৎপাদনের জন্য বিদ্যুৎ প্লান্ট স্থাপনকল্পে ৯১৫.৭৪ একর জমি অধিগ্রহণের যৌক্তিকতা সম্পর্কে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, প্রস্তাবিত বিদ্যুৎ কেন্দ্রটি বিদেশ হতে আমদানি করা কয়লা দ্বারা পরিচালিত হবে। বিদ্যুৎ কেন্দ্রের নিরবচ্ছিন্ন পরিচালনার সুবিধার্থে ন্যূনতম ২ (দুই) মাসের কয়লার মজুদ এবং দীর্ঘ সময়ের জন্য Bottom Ash ও Fly Ash মজুদ, পরিবেশগত দিক বিবেচনায় Standard Practices অনুযায়ী প্রকল্প এলাকায় পর্যাপ্ত Green Belt এর সংস্থান রাখা এবং ভবিষ্যতে সম্প্রসারণ কাজের জন্য উপদেষ্টা প্রতিষ্ঠানের Study অনুযায়ী ৯১৫.৭৪ একর জায়গা প্রয়োজন। আরো উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত জমি মূলতঃ নীচু- যা বর্ষা মৌসুমে পানিতে তলিয়ে যায়। সরকার কর্তৃক নির্ধারিত পায়রা বন্দর কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন ৬০০০০ (ষাট হাজার) একর জমির মধ্যে ৬০০০ (ছয় হাজার) একর জমি বিদ্যুৎ সেক্টরের জন্য নির্ধারিত আছে। রাবনাবাদ চ্যানেলের মাধ্যমে পায়রা বন্দরে আমদানি করা কয়লা প্রাপ্তির বিষয়টি বিবেচনায় রেখে প্রস্তাবিত জায়গা নির্বাচন করা হয়েছে। এছাড়া, বিগত একশত বছরের ডাটা পর্যালোচনায় অতিরিক্ত ১ মিটার উচ্চতা বেশী হিসেব করে মোট ৬ মিটার পর্যন্ত ভূমি উন্নয়নের পরিকল্পনা এ প্রকল্পে নেয়া হয়েছে। সভায় ডিপিপি'র বিভিন্ন পৃষ্ঠার জমির পরিমাণের ভিন্নতার বিষয়ে বিষয়ে জানতে চাইলে তা মূলতঃ কম্পিটার প্রমাদজনিত ভুল মর্মে বিদ্যুৎ বিভাগের পক্ষ থেকে জানানো হয়। জমির সঠিক পরিমাণ হবে ৯১৫.৭৪ একর (ডিপিপি'র ৫২ নং পৃষ্ঠায় বিভাজনসহ দেয়া আছে)। ডিপিপি'র বিভিন্ন পৃষ্ঠার জমির পরিমাণের ভিন্নতার বিষয়ে পুনর্গঠিত ডিপিপিতে সংশাধন করার বিষয়ে সভায় ঐকমত্য প্রতিষ্ঠিত হয়।

৩.২ সভায় ডিপিপি'র ১৯ নং অনুচ্ছেদে আলোচ্য প্রকল্পের প্রধান প্রধান কয়েকেটি অঙ্গের ব্যয় প্রাক্কলনের সাথে সম্প্রতি একনেক কর্তৃক অনুমোদিত ''ল্যান্ড এ্যাকুইজিশন এন্ড ল্যান্ড ডেভেলপমেন্ট ফর ইমপ্লিমেন্টেশন অব গজারিয়া ৩৫০(± ১০%) মেঃ ওঃ কোল ফায়ার্ড থারমাল পাওয়ার প্লান্ট''-শীর্ষক প্রকল্পের অনুরূপ অংগের তুলনামূলক বিবরণী সন্নিবেশ করার বিষয়ে মত প্রকাশ করা হয়।

৩.৩ সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পের জন্য প্রস্তাবিত ৯১৫.৭৪ একর ভুমির ব্যবহার সংক্রান্ত Location Map এবং Layout Plan ডিপিপি'তে সংযুক্ত করা আছে তবে বোধগম্য নয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ঐকমত্য হয় যে, পুনর্গঠিত ডিপিপিতে Location Map এবং Layout Plan বড় আকারে প্রিন্টকরতঃ ভাঁজ করে সন্নিবেশ করা হবে।

৩.৪ সভায় ডিপিপিতে ০১ টি জিপ, ০২ টি পিক আপ ও ০৪ টি মোটর সাইকেল ক্রয়ের প্রস্তাবের পাশাপাশি গাড়ী ভাড়া নেয়ার প্রস্তাবের যৌক্তিকতা সম্পর্কে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, ০১টি জিপ প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী), ০২টি পিক আপ ও ০৪টি মোটর সাইকেল প্রকল্প কাজে ব্যবহার করা হবে। প্রকল্পে সর্বমোট ৪০ জন জনবল প্রস্তাব করা হয়েছে। যেহেতু প্রকল্প সাইটটি জেলা শহর হতে দূরে সেহেতু প্রকল্প কাজে নিয়োজিত অফিস কর্মকর্তাদের যাতায়াতের জন্য ভাড়া গাড়ীটি ব্যবহার করা হবে মর্মে অবহিত করলে সভায় তা গ্রহণযোগ্য বলে বিবেচিত হয়।

৩.৫ সভায় উল্লেখ করা হয় যে, পরামর্শক খাতের ব্যয় প্রাক্কলন ৪৮৭৪ কোডের আওতায় নির্ধারিত থাকলেও তা মূলধন খাতে দেখানো হয়েছে যা সঠিক নয়। অনুরূপভাবে এ প্রকল্পের আওতায় প্রস্তাবিত জনবলের সংখ্যা ডিপিপি'র বিভিন্ন পৃষ্ঠায় বিভিন্ন রকম পরিলক্ষিত হয়েছে এবং ডিপিপি'র বিভিন্ন পৃষ্ঠায় কিছু মূদ্রণজনিত ত্রুটি রয়েছে যেগুলো সংশোধন করা প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনান্তে পরামর্শক খাতের ব্যয় প্রাক্কলন এর অর্থনৈতিক কোড সংশোধন, জনবলের সঠিক সংখ্যা এবং মূদ্রণজনিত ত্রুটি সংশোধনকরতঃ তা পুনর্গঠিত ডিপিপি'তে সন্নিবেশ করার বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান করা হয়।

৩.৬ সভায় প্রকল্পের পরিবেশগত প্রভাব (EIA) এর প্রতিবদেনের আলোক Environmental Management Plan (EMP) প্রণয়নপূর্বক তা পুনর্গঠিত ডিপিপিতে সন্নিবেশ করার বিষয়ে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, গত ২৮/০৮/২০১৬ ইং তারিখে DoE-তে অনুষ্ঠিত পরিবেশগত ছাড়পত্র সংক্রান্ত সভায় IEE এর উপর Presentation দেওয়া হয়েছে এবং দাখিলকৃত ToR, DoE কর্তৃক গৃহীত হয়েছে। তবে অনুমোদিত ToR পাওয়া না যাওয়ায় EIA চূড়ান্ত করে DoE-তে দাখিল করা সম্ভব হয়নি। সভায় বিস্তারিত আলোচনান্তে, EIA চূড়ান্ত করণের সর্বশেষ অগ্রগতির তথ্যাদি পুনর্গঠিত ডিপিপিতে সন্নিবেশ করার বিষয়ে ঐকমত্য প্রতিষ্ঠিত হয়।

৩.৭ সভায় ডিপিপি পৃষ্ঠা ২৬ এ বাঁধ (Embankment) নির্মাণ বাবদ ৪৪.১১ কোটি টাকার যে ব্যয় প্রাক্কলন করা হয়েছে তার প্রয়োজনীয়তার বিষয়ে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, প্রকল্পের ভূমি রক্ষার জন্য প্রকল্পের চার দিকে ১১.৫ কিঃমিঃ ভূমি রক্ষা বাঁধ নির্মাণ করা হবে। Volume of Earth Embankment এর Calculation ডিপিপি পৃষ্ঠা ৫৭ তে এবং Cost of the Embankment ডিপিপি পৃষ্ঠা ৫৮ তে দেখানো হয়েছে। যেহেতু ৬ মিটার উঁচু ল্যান্ড ফিলিং করা হবে সেহেতু উক্ত মাটি সুরক্ষার জন্য প্রকল্পের চারদিকে Embankment নির্মাণ করা প্রয়োজন। বিদ্যুৎ বিভাগের পক্ষ থেকে আরো জানানো হয় যে, কাজটি (ভূমি উন্নয়ন, বাঁধ নির্মাণ ও ভূমি সুরক্ষা) ডিপোজিট ওয়ার্ক হিসেবে করানো হবে বিধায় প্রকিউরমেন্ট প্ল্যানে তা ডিপিএম হিসেবে উল্লেখ করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে ভূমি উন্নয়ন, বাঁধ নির্মাণ ও ভূমি সুরক্ষার কাজ ডিপোজিট ওয়ার্ক ও ডিপিএম পদ্ধতিতে সম্পাদনের যৌক্তিকতা উল্লেখ করাসহ কাজের গুণগত মান নিশ্চিত করার জন্য প্রকল্প কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান করা হয়।

৪। **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ প্রতিপালন সাপেক্ষে "পটুয়াখালী ১৩২০ মেঃ ওঃ কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন এবং পুনর্বাসন"-শীর্ষক প্রকল্পটি অনুমোদনের সুপারিশ করা হয়ঃ

৪.১ ডিপিপি'র বিভিন্ন পৃষ্ঠায় জমির পরিমাণের ভিন্নতার বিষয়টি সংশোধনপূর্বক সঠিক পরিমাণ পুনর্গঠিত ডিপিপিতে উল্লেখ করতে হবে;

১৪

৪.২ ডিপিপি'র ১৯ নং অনুচ্ছেদে আলোচ্য প্রকল্পের প্রধান প্রধান কয়েকটি অঙ্গের ব্যয় প্রাক্কলনের সাথে সম্প্রতি একনেক কর্তৃক অনুমোদিত ''ল্যান্ড এ্যাকুইজিশন এন্ড ল্যান্ড ডেভেলপমেন্ট ফর ইমপ্লিমেন্টেশন অব গজারিয়া ৩৫০(± ১০%) মেঃ ওঃ কোল ফায়ার্ড থারমাল পাওয়ার প্লান্ট''-শীর্ষক প্রকল্পের অনুরূপ অংগের তুলনামূলক বিবরণী সন্নিবেশ করতে হবে;

৪.৩ ভূমির Location Map এবং Layout Plan বড় আকারে প্রিন্টকরতঃ ভাজ করে সন্নিবেশ করতে হবে;

৪.৪ পরামর্শক খাতের ব্যয় প্রাক্কলন এর অর্থনৈতিক কোড সংশোধন, জনবলের সঠিক সংখ্যা এবং মূদ্রণজনিত ত্রুটি সংশোধনকরতঃ তা পুনর্গঠিত ডিপিপি'তে সন্নিবেশ করতে হবে;

৪.৫ EIA চূড়ান্ত করণের সর্বশেষ অগ্রগতির তথ্যাদি পুনর্গঠিত ডিপিপিতে সন্নিবেশ করতে হবে;

৪.৬ ভূমি উন্নয়ন, বাঁধ নির্মাণ ও ভূমি সুরক্ষার কাজ ডিপোজিট ওয়ার্ক ও ডিপিএম পদ্ধতিতে সম্পাদনের যৌক্তিকতা উল্লেখ করাসহ কাজের গুণগত মান নিশ্চিত করার জন্য প্রকল্প কর্তৃপক্ষকে সচেষ্ট থাকতে হবে;

৪.৭ আলোচনা মোতাবেক ও উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের আলোকে ডিপিপি পুনর্গঠন করে পুনর্গঠিত ডিপিপি সত্বর পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

২৫/৯/২০১১

(জুয়েনা আজিজ)
ভারপ্রাপ্ত সদস্য
শিল্প ও শক্তি বিভাগ
পরিকল্পনা কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং, শাখা-১

বিষয়ঃ ১৯/০৯/২০১৬ তারিখে অনুষ্ঠিত "পটুয়াখালী ১৩২০ মেঃ ওঃ কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন এবং পুনর্বাসন"-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ণ কমিটির (পিইসি) সভায় উপস্থিত কর্মকর্তাগনের তালিকা।

| ক্রমিক নং | নাম, পদবী ও মন্ত্রণালয়/সংস্থা | ফোন নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | শেখ মোঃ আব্দুল আহাদ মুখ্য-প্রকৌশলী | [illegible] | se@pd.gov.bd | [signature] ১৯/৯/১৬ |
| ২. | মোঃ সেলিম ভূঁইয়া ব্যবস্থাপনা পরিচালক (অঃ দাঃ) RPCL | ০১৭৪৬৬৬৭৪১৪ | engr_salim@yahoo.com | [signature] ১৯/৯/১৬ |
| ৩. | মোঃ সাইফুল আলম [illegible] [illegible] | 01671577957 | saiful123[illegible]@gmail.com | [signature] ১৯/৯/১৬ |
| ৪. | মোঃ খলিলুর রহমান খান যুগ্ম প্রধান | ০১৮২৬৮৮৭৮১২ | | [signature] 19/9/16 |
| ৫. | শেখ শফিক উদ্দিন উপ-প্রধান | ৯১১১৯৪৭২ | roopkumar2001@gmail.com | [signature] 19/9/16 |
| ৬. | | | | |
| ৭. | মোঃ তাওসীফ রহমান সহকারী- পরিচালক | 01712118765 9110010 | mishu.eee.2001@gmail.com | Tawsif 19 Sept 2016 |
| ৮. | শাবিনা রওশন সহকারী প্রধান | 9180662 | sbn_rsn@yahoo.com | [signature] |
| ৯. | আফরোজা আখতারুজ্জামান সহকারী প্রধান, [illegible] | [illegible] | afroz.ban88@gmail.com | [signature] 19.9.16 |